

**Ramakrishna Vivekananda Mission**  
**Junior High School**  
**Model Question Paper -- 2020**  
**Class -- V**  
**Subject -- Geography**

**Time :- 2:30 hrs.**

**Full Marks -- 100**

---

১) পূর্ণ বাক্যে উত্তর দাও-

১×১৫=১৫

ক) পৃথিবীর উচ্চতম পর্বত শৃঙ্গের নাম কি ?

খ) ভারত কোন জলবায়ুর অন্তর্গত ?

গ) ভারতের বৃহত্তম কয়লা খনি কোনটি ?

ঘ) ভারতের ম্যানচেস্টার কাকে বলে ?

ঙ) পশ্চিমবঙ্গের কোথায় প্রথম কাগজ কল স্থাপিত হয় ?

চ) আরব সাগরের রানী বলা হয় কাকে ?

ছ) জনসংখ্যা দিক দিয়ে পশ্চিমবঙ্গের স্থান কত ?

জ) শেরপা কাদের বলে ?

ঝ) ভুটানের রাজধানীর নাম কি ?

ঞ) কালো মাটির স্থানীয় নাম কি ?

ট) হায়দ্রাবাদ শহরটি কোন নদীর তীরে অবস্থিত ?

ঠ) ভারতের একটি আগ্নেয় পর্বতের নাম লেখ ।

ড) ভুটানীদের উত্তেজক পানীয় কি ?

ঢ) মূলমধ্যরেখার মান কত ?

ণ) এশিয়ার বৃহত্তম হাওয়া কল কোথায় গড়ে উঠেছে ?

২) সঠিক উত্তরটি নির্বাচন করো-

১×১৫=১৫

ক) ভারতের প্রধান খনিজ সম্পদ (কয়লা /লোহা /খনিজ তেল) ।

খ) অ্যালুমিনিয়াম পাওয়া যায় (ম্যাঙ্গানিজ / বক্সাইট / তামা ) থেকে ।

গ) পশ্চিমবঙ্গের বৃহত্তম কয়লা খনি (আসানসোল /অন্ডাল / রানীগঞ্জ) ।

ঘ) কর্নাটকের শিবসমুদ্রম (তাপবিদ্যুৎ /জলবিদ্যুৎ / সৌরশক্তি) উৎপাদন কেন্দ্র ।

ঙ) ভারতের একক বৃহত্তম শিল্প (পাট শিল্প /কাগজ শিল্প /কার্পাস বয়ন শিল্প) ।

চ) সবচেয়ে তাড়াতাড়ি যাওয়া যায় (ট্রেনে /জাহাজে /বিমানে) ।

ছ) একসাথে অনেক লোক যেতে পারে (বাসে /ট্রেনে /সাইকেলে) ।

জ) ভারতের রাষ্ট্রভাষা (হিন্দি /ইংরেজি /সংস্কৃত) ।

ঝ) ভারতে সর্বশেষ জনগণনা হয়েছে (২০০১ /২০১১ /২০১৩) সালে ।

ঞ) নেপালের দীর্ঘতম নদী (বাগমতী / হেলমন্ত /কালিগন্ডক) ।

ট) ভুটানের সর্বোচ্চ শৃঙ্গ ( চোসোলারী / কেওক্রাডাং / অন্নপূর্ণা ) ।

ঠ) সুন্দরবনের প্রধান গাছ হল (সুন্দরী /বাবলা / আম) ।

ড) গঙ্গার প্রধান উপনদী হল (যমুনা /শোন /গোমতী) ।

ঢ) নিরক্ষরেখার মান (০° / ৯০° / ১৮০° ) ।

ণ) সূর্য হল একটি (গ্রহ /উপগ্রহ /নক্ষত্র) ।

৩) শূন্যস্থান পূরণ করো-

১×১৫=১৫

- ক) তিনদিক স্থলদ্বারা বেষ্টিত জলভাগকে \_\_\_\_\_ বলে ।
- খ) বর্তমানে ভারতে বনভূমির পরিমাণ শতকরা \_\_\_\_\_ ভাগ ।
- গ) \_\_\_\_\_ এর চা স্বাদে-গন্ধে জগৎ বিখ্যাত ।
- ঘ) অ্যালুমিনিয়ামের সঙ্গে তামা মিশিয়ে \_\_\_\_\_ তৈরি হয় ।
- ঙ) \_\_\_\_\_ শিল্পকে সব শিল্পের মেরুদণ্ড বলা হয় ।
- চ) কর্ণাটকের ব্যাঙ্গালোরে \_\_\_\_\_ তৈরি হয় ।
- ছ) \_\_\_\_\_ ভারতের প্রবেশদ্বার বলে ।
- জ) নেপালিদের প্রধান খাদ্য \_\_\_\_\_ ।
- ঝ) ভুটানের দীর্ঘতম নদী হল \_\_\_\_\_ ।
- ঞ) ভুটানের অধিবাসীদের \_\_\_\_\_ বলে ।
- ট) দিয়াশলাই শিল্পে \_\_\_\_\_ ব্যবহার করা হয় ।
- ঠ) ভারতের বৃহত্তম লিগনাইট কয়লা খনি \_\_\_\_\_ ।
- ড) বর্ষাকালে ভারতের উপর দিয়ে \_\_\_\_\_ বায়ু প্রবাহিত হয় ।
- ঢ) সুন্দরবন হলো \_\_\_\_\_ জাতীয় অরণ্য ।
- ণ) কটক \_\_\_\_\_ নদীর তীরে অবস্থিত ।

৪) টীকা লেখ (যেকোনো দুটি)-

৫×২=১০

- ক) পাট
- খ) ম্যানগ্রোভ বনভূমি
- গ) আকরিক লোহা

৫) পার্থক্য লেখ -

৫×২=১০

ক) উত্তর ভারতের নদ-নদী ও দক্ষিণ ভারতের নদ নদী ।

খ) অপ্রচলিত শক্তি ও অপ্রচলিত শক্তি ।

৬) নিচের প্রশ্নগুলির উত্তর দাও-

৫×৫=২৫

ক) ভারতকে কি কি ভূ-প্রাকৃতিক বিভাগে ভাগ করা হয়েছে ? মেঘালয় মালভূমিতে কি কি পাহাড় আছে ?

৩+২

খ) ফসলের শ্রেণীবিভাগ করে দেখাও । দুটি উচ্চফলনশীল ধান বীজের নাম লেখ ।

৪+১

গ) কয়লার ব্যবহার লেখ । লৌহ ইস্পাত শিল্পে ম্যাঙ্গানিজ ব্যবহার হয় কেন ?

৩+২

ঘ) লৌহ ইস্পাত শিল্প গড়ে ওঠার অনুকূল পরিবেশগুলি লেখ । পশ্চিমবঙ্গের কোথায় রেলইঞ্জিন তৈরীর কারখানা আছে ?

৪+১

ঙ) ভুটানের জলবায়ু ও স্বাভাবিক উদ্ভিদের পরিচয় দাও । ভুটানের প্রধান ধর্ম কি ?

২+২+১

৭) মানচিত্রে প্রদর্শন করো-

১০

শ্রীনগর , কারাকোরাম পর্বত , ভুটান , লুনি নদী , গোদাবরী নদী , K2 ,  
আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ , কচ্ছের রণ , চেন্নাই বন্দর , কন্যাকুমারী ।